সিলেট বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: ২ ৫ ৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১. ▶আবদুল্লাহ এন্ড সন্সের ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখের রেওয়ামিল নিম্নরূপ—

রেওয়ামিল

৩১ ডিসেম্বর ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ক্রয় ও বিক্রয়	৭০,০০০	১,৫২,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	৪৩,০০০	
উত্তোলন ও মূলধন	১৪,০০০	৭০,০০০
আসবাবপত্র	৪০,০০০	
বেতন	১২,০০০	
সুদ	২,০০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি		৩,৬০০
প্রাপ্য হিসাব	৩০,৬০০	
ভাড়া	১২,০০০	
কর ও অভিকর (৩১ মার্চ ২০১৬ পর্যন্ত প্রদত্ত)	২,০০০	
	২,২৫,৬০০	২,২৫,৬০০

অন্যান্য তথ্য: ১. সমাপনী মজুদ পণ্য ২৪,০০০ টাকায় মূল্যায়িত হয়েছে। যার বাজারমূল্য ২০,০০০ টাকা। ২. মাসিক বেতন প্রদানের হার ১,৫০০ টাকা। ৩. বিক্রয়ের মধ্যে ২,০০০ টাকার আসবাবপত্র বিক্রয় অন্তর্ভুক্ত আছে। ৪. অনাদায়ী পাওনা ৬০০ টাকা। প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে।

ক. প্রাপ্য হিসাবের নিট আদায়যোগ্য টাকার পরিমাণ নির্ণয় করো। ২

খ. উক্ত বছরে আবদুল্লাহ এন্ড সন্সের পরিচালন মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উক্ত বছরের শেষ তারিখে আবদুল্লাহ এন্ড সন্সের মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

২. ▶সাজিদ ট্রেডার্স-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিলটি নিম্নরূপ—

রেওয়ামিল

৩১ ডিসেম্বর ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ক্রয় ও বিক্রয়	১,৭০,০০০	২,৭০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	৩০,০০০	
ফেরত	১,০০০	৩,০০০
মজুরি খরচ	১২,০০০	
বেতন (মাসিক ২,০০০ টাকা হারে)	২২,০০০	
ভাড়া খরচ ($\frac{৩}{৫}$ অংশ কারখানার)	১৫,০০০	
মনিহারি খরচ	৫,০০০	
প্রাপ্য হিসাব	৩৫,০০০	
প্রদেয় হিসাব		৩০,০০০
নগদ তহবিল	৬০,০০০	
১০% বিনিয়োগ (১-৭-১৫)	১,৪৩,০০০	
উত্তোলন ও মূলধন	১০,০০০	২,৮০,০০০
যন্ত্রপাতি	৮০,০০০	
মোট	৫,৮৩,০০০	৫,৮৩,০০০

অন্যান্য তথ্য: ১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ৬,৫০০ টাকা। উক্ত মজুদের মধ্যে ১,৫০০ টাকার অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত আছে। ২. সরবরাহকারীকে ৪,০০০ টাকা ফেরত পাঠানো হয়েছে কিন্তু হিসাবভুক্ত হয়নি। ৩. মূলধনের ওপর ৫% ও উত্তোলনের ওপর ১০% হারে (৬ মাস) সুদ ধার্য করতে হবে। ৪. যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধার্য করতে হবে। ৪০,০০০ টাকার যন্ত্রপাতি ৩০ জুন, ২০১৫ তারিখে ক্রয় করা হয়েছে।

ক. যন্ত্রপাতির অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত বছরের মোট মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে নিট লাভ ৬২,৬৫০ টাকা হলে সাজিদ ট্রেডার্সের মালিকানা স্বত্ব ও দায়ের মোট পরিমাণ নির্ণয় করো। ৪

খ বিভাগ

৩.▶জনাব ইউশা ১ মার্চ ২০১৫ তারিখে নগদ ৫,০০০ টাকা ও ১০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করেন। প্রতিষ্ঠানে মার্চ মাসের লেনদেনগুলো নিম্নরূপ ছিল:

২০১৫

মার্চ ২ ধারে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা।

" ৭ চেকের মাধ্যমে পণ্য বিক্রয় ৪৫,০০০ টাকা।

" ১৫ ভাড়া পাওয়া গেল ১০,০০০ টাকা।

" ২৫ বাকিতে আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা।

" ৩০ শিক্ষানবিশ ভাতা প্রদান ৫,০০০ টাকা।

" ৩১ নগদ উত্তোলন ২,৫০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের সাহায্যে ব্যবসায়ের ১ মার্চ ২০১৫ তারিখের মোট মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ১৫, ২৫, ৩০ ও ৩১ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. ১, ২, ৭ ও ১৫ তারিখের লেনদেনগুলো হিসাব সমীকরণে কী প্রভাব বিস্তার করে তা টেবুলার ছকের মাধ্যমে দেখাও। ৪

৪.▶জনাব শেখর একজন পাইকারি ব্যবসায়ী। ২০১৫ সালের ৩০ নভেম্বর তারিখে নগদান বই অনুযায়ী তার ব্যাংক জমার উদ্বৃত্ত ৪৮,২০০ টাকা। কিন্তু ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের সাথে মিল না থাকায় জনাব শেখর অনুসন্ধান করে নিম্নোক্ত গরমিল আইটেমগুলো খুঁজে বের করেন:

১. বিনিয়োগের সুদ ৫০০ টাকা এবং লভ্যাংশ বাবদ ব্যাংক সরাসরি আদায় করেছে ৩০০ টাকা। কিন্তু নগদান বইতে লেখা হয়নি।

২. ১,০০০ টাকার একটি প্রদেয় বিল ব্যাংক পরিশোধ করেছে। কিন্তু উহা নগদানভুক্ত হয়নি।

৩. মালিক কর্তৃক নিজ প্রয়োজনে ১,০০০ টাকা ও ব্যবসায়ের প্রয়োজনে ১,০০০ টাকা ব্যাংক থেকে উত্তোলন করেছে। কিন্তু নিজ প্রয়োজনে উত্তোলিত টাকা নগদান বইয়ে লেখা হয়নি।

৪. ৩,০০০ টাকার একটি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেয়া হয়েছে। কিন্তু নগদান বইয়ে লিপিবন্ধ হয়নি।

ক. উত্তোলনের কারণে গরমিলের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ৩০ নভেম্বর তারিখে জনাব শেখরের ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. মি. শেখরের হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

৫.▶জনাব সালাহউদ্দিন একজন আইনজীবী ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার হিসাব বই থেকে নিম্নলিখিত উদ্বৃত্তগুলো পাওয়া গেল:

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
সেবা আয়	১,৭৪,০০০	অফিস সরঞ্জাম	৫০,০০০
উত্তোলন	৫০,০০০	আসবাবপত্র	৩০,০০০
মনিহারি ক্রয়	১০,০০০	আইন বই	১০,০০০
অনুপার্জিত সেবা আয়	৩০,০০০	প্রদেয় হিসাব	২০,০০০
প্রাপ্য সেবা আয়	৪০,০০০	বেতন	৩০,০০০
বিজ্ঞাপন	৮,০০০	চেম্বার ভাড়া	২৪,০০০
প্রারম্ভিক মনিহারি	৪,০০০	আয়কর	৩৫,০০০
সমাপনী মনিহারি	৮,০০০	বার সমিতিতে চাঁদা	৮,০০০
মূলধন	১,০০,০০০	মক্কেলদেরকে আপ্যায়ন বাবদ ব্যয়	২৫,০০০

ক. মনিহারি বাবদ ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. স্থায়ী সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ৩১ ডিসেম্বর তারিখে জনাব সালাউদ্দিনের রেওয়ামিল প্রস্তুত করো। ৪

৬.▶ প্রিয়ন্তী লিমিটেড-এর ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে অনাদায়ী ও সন্দেহজনক সঞ্চিতির জের ছিল ৩,০০০ টাকা। ৩১ ডিসেম্বর তারিখে অনাদায়ী পাওনার পরিমাণ ২,০০০ টাকা। বছর শেষে অসমন্বিত দেনাদারের পরিমাণ ছিল ৪২,০০০ টাকা। দেনাদারের ওপর ৫% অনাদায়ী ও সন্দেহজনক সঞ্চিতি সৃষ্টি করতে হবে।

ক. মোট অনাদায়ী পাওনা বাবদ ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. প্রিয়ন্তী লিমিটেড-এর হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. সন্দেহজনক সঞ্চিতির খতিয়ান দেখাও এবং আর্থিক অবস্থার বিবরণীতে দেনাদার কীভাবে প্রদর্শিত হবে তা দেখাও। ৪

৭.▶ ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব ফয়সালের ব্যবসায়ের রেওয়ামিলটি ছিল নিম্নরূপ:

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৮০,০০০
পণ্য ক্রয়	১,৪০,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য	৩০,০০০	
প্রাপ্য হিসাব	১,০০,০০০	
বিক্রয়		২,৪০,০০০
বেতন	২০,০০০	
অগ্রিম ভাড়া	৩০,০০০	
	৩,২০,০০০	৩,২০,০০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৮০,০০০ টাকা। ২. ১০,০০০ টাকার ধারে পণ্য বিক্রয় হিসাবভুক্ত হয়নি। ৩. বেতন অগ্রিম প্রদত্ত হয়েছে ৮,০০০ টাকা। ৪. অগ্রিম ভাড়ার ২৪,০০০ টাকা অতিক্রান্ত হয়েছে।

ক. আর্থিক অবস্থার বিবরণীতে প্রদর্শিত অগ্রিম ভাড়ার পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত সমন্বয়গুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. উপর্যুক্ত তথ্যাবলির আলোকে একটি দশঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত করো। ৪

৮.▶২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে রাজিব এন্ড কোং ৩,১০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। উক্ত মেশিনের আমদানি শুল্ক ২০,০০০ টাকা, জাহাজ ভাড়া ৫,০০০ টাকা ও সংস্থাপন ব্যয় ২৫,০০০ টাকা। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির হিসাবকাল ৩১ ডিসেম্বর শেষ হয় এবং সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. মেশিনের অর্জন মূল্য নির্ণয় করো। ২

খ. রাজিব এন্ড কোং-এর হিসাব বইতে ২০১৪ এবং ২০১৫ সালের মেশিন ক্রয় এবং অবচয় সংক্রান্ত প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. ২০১৪ এবং ২০১৫ সালের শেষ তারিখে রাজিব এন্ড কোং-এর আর্থিক অবস্থার বিবরণীতে মেশিন কীভাবে প্রদর্শিত হবে দেখাও। ৪

৯.▶জনাব আক্তার হোসেন একজন খুচরা ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়ের হিসাব বই যথাযথ পদ্ধতিতে সংরক্ষণ করেন না। হিসাব বই হতে নিম্নোক্ত তথ্য পাওয়া গেল:

হিসাবের নাম	১-১-১৫ টাকা	৩১-১২-১৫ টাকা
নগদ তহবিল	১,০০০	১,৫০০
মজুদ পণ্য	১৫,০০০	২৮,৫০০
বিবিধ দেনাদার	২৫,০০০	৩৩,৫০০
বিবিধ পাওনাদার	৮,৫০০	২০,০০০
প্রদেয় বিল	২,৫০০	৪,০০০
কলকব্জা ও যন্ত্রপাতি	২০,০০০	-

আক্তার হোসেন তার নিজ প্রয়োজনে ব্যবসায় হতে সারা বছর ধরে প্রত্যেক মাসের শেষ তারিখে ১,০০০ টাকা করে উত্তোলন করেছেন। এছাড়াও ব্যবসায় হতে তিনি মোট ৫,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করেছেন। ১ জুলাই ২০১৫ তারিখে ব্যক্তিগত তহবিল হতে ব্যবসায়ের জন্য ৪০,০০০ টাকা মূল্যের একখানা যন্ত্রপাতি ক্রয় করেন।

অন্যান্য তথ্য: ১. উত্তোলন ও মূলধনের ওপর ১০% সুদ ধার্য করতে হবে। ২. যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. মূলধনের সুদ ও উত্তোলনের সুদ নির্ণয় করো। ২

খ. প্রারম্ভিক ও সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. নিট লাভ ১৬,০৫০ টাকা ধরে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে জনাব আক্তার হোসেনের ব্যবসায়ের বিষয় বিবরণী প্রস্তুত করো। ৪

উত্তরমালা

১. ক. নিট আদায়যোগ্য প্রাপ্য হিসাব ২৮,৫০০ টাকা। খ. পরিচালন মুনাফা ২৭,০০০ টাকা। গ. মোট সম্পদের পরিমাণ ৮৭,০০০ টাকা।

২. ক. যন্ত্রপাতির অবচয়ের পরিমাণ ৬,০০০ টাকা। খ. মোট মুনাফা ৫৪,০০০ টাকা। গ. মোট দায় ও মালিকানা স্বত্বের মোট পরিমাণ ৩,৭৪,১৫০ টাকা।

৩. ক. মোট মূলধনের পরিমাণ ১৫,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৩২,৫০০ টাকা। গ. হিসাব সমীকরণের যোগফল ৭০,০০০ টাকা।

৪. ক. উত্তোলনের কারণে গরমিলের পরিমাণ ১,০০০ টাকা। খ. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৫০,০০০ টাকা। গ. জাবেদার যোগফল ৫,৮০০ টাকা।

৫. ক. মনিহারি বাবদ ব্যয়ের পরিমাণ ৬,০০০ টাকা। খ. মোট স্থায়ী সম্পদ ৯০,০০০ টাকা এবং মোট চলতি দায় ৫০,০০০ টাকা। গ. রেওয়ামিলের যোগফল ৩,২৪,০০০ টাকা।

৬. ক. অনাদায়ী পাওনা বাবদ ব্যয় ১,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৪,০০০ টাকা। গ. অনাদায়ী ও সন্দেহজনক সঞ্চিতির পরিমাণ ২,০০০ টাকা।

৭. ক. আর্থিক অবস্থার বিবরণীতে প্রদর্শিত অগ্রিম ভাড়ার পরিমাণ ৬,০০০ টাকা। খ. সমন্বয় জাবেদার যোগফল ১,২২,০০০ টাকা। গ. সমন্বিত রেওয়ামিলের যোগফল ৩,৩০,০০০ টাকা, নিট মুনাফা ১,২৪,০০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,০৪,০০০ টাকা।

৮. ক. মেশিনের অর্জন মূল্য ৩,৬০,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৬,৪০,০০০ টাকা। গ. মেশিনের মূল্য : ২০১৪ – ২,৯০,০০০ টাকা এবং ২০১৫ – ২,২০,০০০ টাকা।

৯. ক. মূলধনের সুদ ৭,০০০ টাকা এবং উত্তোলনের সুদ ৫৫০ টাকা। খ. প্রারম্ভিক মূলধন ৫০,০০০ টাকা এবং সমাপনী মূলধন ৯৯,৫০০ টাকা। গ. বিষয় বিবরণীর যোগফল ১,১৯,৫০০ টাকা।

হিসাববিজ্ঞান: প্রথম পত্র　　　বিষয় কোড: ২৫৩

সময় — ৪০ মিনিট　　　**বহুনির্বাচনি**　　　পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. **নিচের কোন হিসাব উদ্বৃত্তটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় না?**
ⓚ প্রারম্ভিক মজুদ　ⓚ মূলধন
ⓖ প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত　ⓖ সমাপনী ব্যাংক উদ্বৃত্ত

২. **হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা হয় হিসাব চক্রের কোন ধাপে?**
ক জাবেদাভুক্তকরণ　খ খতিয়ানভুক্তকরণ
গ রেওয়ামিল প্রস্তুতকরণ　ঘ আর্থিক বিবরণী প্রস্তুতকরণ

৩. **প্রারম্ভিক মজুদ ২২,০০০ টাকা, ক্রয় ১,৩৫,০০০ টাকা, বিক্রয় ৩,৭৬,০০০ টাকা ও সমাপনী মজুদ পণ্য ৩৭,০০০ টাকা হলে সমন্বিত ক্রয় কত হবে?**
ক ১,২০,০০০ টাকা　খ ৩৩০ টাকা
গ ৯৮,০০০ টাকা　ঘ ১,৫০,০০০ টাকা

৪. **যে দাখিলার মাধ্যমে নগদ ও ব্যাংক উভয় হিসাব প্রভাবিত হয়ে থাকে তাকে কি বলে?**
ক সমন্বয় এন্ট্রি　খ বাট্টা এন্ট্রি
গ সংশোধনী এন্ট্রি　ঘ বিপরীত এন্ট্রি

৫. **অগ্রিম বিমা সেলামি প্রদানের মাধ্যমে নিচের কোনটি প্রভাবিত হয়?**
ক মালিকানা স্বত্ব হ্রাস পায়　খ সম্পদ বৃদ্ধি পায়
গ আয় বৃদ্ধি পায়　ঘ দায় হ্রাস পায়

উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।
রাকিব ট্রেডার্সের মালিক ভবন নির্মাণের জন্য ২,৩০,০০০ টাকা দিয়ে এক খন্ড জমি কিনলেন। জমি রেজিস্ট্রি বাবদ ২৫,০০০ টাকা এবং নাম জারি বাবদ ২,০০০ টাকা ব্যয় করে বছর শেষে উক্ত জমির খাজনা বাবদ ৪০০ টাকা ব্যয় করেন।

৬. **রাকিব ট্রেডার্সের জমি ক্রয় সংক্রান্ত মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত?**
ক ২,৩০,০০০ টাকা　খ ২,৫৫,০০০ টাকা
গ ২,৫৭,০০০ টাকা　ঘ ২,৫৭,৪০০ টাকা

৭. **সম্পত্তি ক্রয়ের ফলে আর্থিক বিবরণীতে কি প্রভাব পড়বে?**
ক একটি সম্পদ বাড়বে আর একটি সম্পদ কমবে
খ জমি ২,৫৭,৪০০ টাকা বাড়বে এবং মালিকানা স্বত্ব ২,৫৭,৪০০ টাকা কমবে
গ জমি বাড়বে ২,৫৭,০০০ টাকা এবং নগদ কমবে ২,৫৭,০০০ টাকা
ঘ উদ্বৃত্তপত্রে কোনো প্রভাব পড়বে না
***সঠিক উত্তর: ক + গ**

উদ্দীপকটি পড়ো এবং ৮ নং প্রশ্নের উত্তর দাও।
মৃণাল একজন খুচরা ব্যবসায়ী মি. রহিমকে তার পাওনা ২১,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ২০,০০০ টাকার একটি চেক প্রদান করে।

৮. **লেনদেনটি লিপিবদ্ধ করতে হবে নগদান বহির ক্রেডিট দিকে—**
i. ব্যাংক ঘরে ২০,০০০ টাকা
ii. বাট্টার ঘরে ১,০০০ টাকা
iii. নগদ ঘরে ২০,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii　গ i ও iii　ঘ i, ii ও iii

৯. **নিচের কোনটি হিসাবের শুধু ডেবিট দিক প্রভাবিত করে?**
ক সম্পদ খরচ ও আয় বৃদ্ধি
খ সম্পদ খরচ ও উত্তোলন বৃদ্ধি
গ দায় মূলধন ও উত্তোলন বৃদ্ধি
ঘ আয় উত্তোলন ও সম্পদ হ্রাস

১০. **নিচের কোনটি হিসাব চক্রের ধাপ নয়?**
ক জাবেদা　খ আর্থিক বিবরণী
গ নগদ প্রবাহ বিবরণী　ঘ খতিয়ান

উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।
মণি ট্রেডার্স ২০১৩ সালের ১ জানুয়ারি তারিখে ১,০০,০০০ টাকার পণ্য ১০% বাট্টায় ক্রয় করে। এক সপ্তাহ পর উক্ত মালের অর্ধেক ১০% বাট্টায় পরিশোধ করে।

১১. **মণি ট্রেডার্সের বাট্টার পরিমাণ কত?**
ক ৪,৫০০ টাকা　খ ৯,৫০০ টাকা
গ ১০,০০০ টাকা　ঘ ২০,০০০ টাকা

১২. **মূল্য পরিশোধের পর দায় কত টাকা?**
ক ৪০,০০০ টাকা　খ ৪০,৫০০ টাকা
গ ৪২,০০০ টাকা　ঘ ৪৫,০০০ টাকা

১৩. **দুতরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী মোট ডেবিট টাকা—**
ক মোট আয়ের সমান হবে
খ মোট ব্যয়ের সমান হবে
গ মোট ক্রেডিটের সমান হবে
ঘ মোট সম্পদের সমান হবে

১৪. **মি. রাকিবের নিকট হতে প্রাপ্ত ৫,০০০ টাকার চেক ব্যাংকে জমা দেয়া হয়েছে। কিন্তু ব্যাংক উক্ত চেক জমা করেনি, এর ফলে—**
ক ব্যাংক বিবরণী জমা বেশি হয়েছে
খ ব্যাংক বিবরণীতে জমা কম হয়েছে
গ নগদান বহির ব্যাংক জমা কম হয়েছে
ঘ নগদান বাজেটে জমা কম হয়েছে

১৫. **কোনটি অনগদ লেনদেন?**
ক ক্রেডিট কার্ডের মাধ্যমে ক্রয়
খ চেকের মাধ্যমে ক্রয়
গ চেকে আসবাবপত্র ক্রয়
ঘ সুনামের অবলোপন

১৬. **অগ্রিম ও বকেয়াসমূহ লিপিবদ্ধ করতে নিচের কোন দাখিলা দেয়া হয়?**
ক বিপরীত দাখিলা　খ সমাপনী দাখিলা
গ সমন্বয় দাখিলা　ঘ প্রারম্ভিক দাখিলা

১৭. **কোন বিষয়টিকে ব্যবসায়ের ভাষা বলা হয়?**
ক ব্যবস্থাপনা　খ ব্যবসায়ে উদ্যোগ
গ হিসাববিজ্ঞান　ঘ অর্থনীতি

১৮. **হিসাববিজ্ঞানের মৌলিক সমীকরণ কোনটি?**
ক A – L = O/E　খ A – O/E = L
গ A = L + C + A – E – D
ঘ A = L + O/E

১৯. **তানভির এন্ড কোং ব্যবসায়ের জন্য ১৫,০০০ টাকার একটি মেশিন ক্রয় করেন, যার পরিবহন ব্যয় ২০০ টাকা, সংস্থাপন ব্যয় ১,০০০ টাকা নির্বাহ করা হলো। মেশিন হিসাবে কত টাকা ডেবিট হবে?**
ক ১৫,০০০ টাকা　খ ১৫,২০০ টাকা
গ ১৬,০০০ টাকা　ঘ ১৬,২০০ টাকা

২০. **স্পর্শনীয় সম্পদ কোনটি?**
ক সুনাম　খ প্যাটেন্ট　গ কলকব্জা　ঘ ট্রেডমার্ক

২১. **যে সকল ভুল রেওয়ামিলে ধরা পড়ে না—**
i. ব্যবস্থাপনার ভুল　ii. লেখার ভুল
iii. পরিপূরক ভুল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii　গ i ও iii　ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।
সৈকত ট্রেডার্সের রেওয়ামিলে প্রদর্শিত যন্ত্রপাতির মূল্য ১,০০,০০০ টাকা। মেশিনটির সংস্থাপন ব্যয় ২,০০০ টাকা, মেরামত ব্যয় ১,০০০ টাকা। তিনি ১০% হারে অবচয় ধার্য করেন।

২২. ৩১ ডিসেম্বর তারিখে বার্ষিক অবচয় কত হবে?
ⓚ ১০,০০০ টাকা ⓚ ১০,১০০ টাকা
ⓖ ১০,২০০ টাকা ⓖ ১০,৩০০ টাকা

২৩. জনাব সৈকত অবচয়ের হার ২০% ধার্য করার সিদ্ধান্ত নিলে—
i. নিট লাভের পরিমাণ কমবে
ii. সম্পত্তির মূল্য নির্ণয়ে পরিবর্তন আসবে
iii. উদ্বৃত্তপত্রে অসামঞ্জস্য দেখা দিবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৪. নিট ক্রয় নির্ণয় ক্ষেত্রে ক্রয় থেকে বাদ দিতে হয়—
i. ক্রয় বাট্টা ii. ক্রয় পরিবহন
iii. ক্রয় ফেরত
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৫. যে হিসাব বইয়ে লেনদেনকে তারিখ অনুযায়ী ডেবিট ও ক্রেডিট বিশ্লেষণ করে লিপিবদ্ধ করা হয় তাকে কি বলে?
ⓚ জাবেদা ⓚ খতিয়ান
ⓖ রেওয়ামিল ⓖ নগদান বই

২৬. হিসাব তথ্যের ব্যবহারকারী কারা?
i. পাওনাদার ii. ব্যবস্থাপনা কর্তৃপক্ষ
iii. বিনিয়োগকারী
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
জাব মামুন একজন ব্যবসায়ী। তিনি তার হিসাব যথাযথ পদ্ধতিতে রাখেন না। তিনি কারবারে ১,০০,০০০ টাকা বিনিয়োগ করেন, তার মূলধন স্বল্পতার জন্য ব্যবসা পরিচালনা করা অসম্ভব।

২৭. জনাব মামুন কোন পদ্ধতিতে হিসাব রাখেন?
ⓚ একতরফা দাখিলা ⓚ দুতরফা দাখিলা
ⓖ মিশ্র দাখিলা ⓖ প্রারম্ভিক দাখিলা

২৮. উদ্দীপকের আলোকে জনাব মামুনের করণীয় কী?
i. ব্যাংক থেকে স্বল্পমেয়াদি ঋণ নেয়া
ii. বন্ধুর নিট থেকে পরামর্শ নেয়া
iii. সঠিক পদ্ধতিতে হিসাব রাখা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৯. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী মজুদ মাল মূল্যায়ন করা হয়?
ⓚ সামঞ্জস্যতা নীতি ⓚ রক্ষণশীলতা নীতি
ⓖ পূর্ণ প্রকাশ নীতি ⓖ মিলকরণ নীতি

৩০. হিসাববিজ্ঞানে অনাদায়ী পাওনা হিসাবভুক্ত করার কয়টি পদ্ধতি আছে?
ⓚ ৮টি ⓚ ৬টি ⓖ ৪টি ⓖ ২টি

৩১. কোনো পণ্য বিক্রয় করে বিক্রয় মূল্যের ২৫% লাভ করলে ক্রয় মূল্যের ওপর লাভের হার কত হবে?
ⓚ ১২.৫০% ⓚ ২০%
ⓖ ৩৩.৩৩% ⓖ ৫০%

৩২. যে বইতে সমজাতীয় লেনদেনসমূহ পৃথক শিরোনামে লিপিবদ্ধ করা হয় তাকে কী বলে?
ⓚ খতিয়ান ⓚ জাবেদা
ⓖ রেওয়ামিল ⓖ উদ্বৃত্তপত্র

৩৩. কোনটি প্রস্তুতকরণ হিসাব চক্রের ঐচ্ছিক কাজ?
ⓚ খতিয়ান ⓚ রেওয়ামিল
ⓖ কার্যপত্র ⓖ আর্থিক বিবরণী

উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।
মি. অসিম ১ জানুয়ারি ২০১৫ তারিখ ৪,০০,০০০ টাকা মূলধ নিয়ে ব্যবসা শুরু করেন। উক্ত বছর শেষে তার সম্পদ ও দায় ছিল নগদ ৫০,০০০ টাকা, দেনাদার ৩,০০,০০০ টাকা, পাওনাদার ২,০০,০০০ টাকা, প্রদেয় হিসাব ২,০০,০০০ টাকা।

৩৪. মি. অসিমের ২০১৫ সালে লাভের পরিমাণ কত?
ⓚ ৮,৫০,০০০ টাকা ⓚ ৪,৫০,০০০ টাকা
ⓖ ৪,০০,০০০ টাকা ⓖ ৫০,০০০ টাকা
*উত্তর: নিট ক্ষতি ৪,৫০,০০০ টাকা।

৩৫. যদি দেনাদারের উপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করা হয় তাহলে আর্থিক অবস্থার উপর কি প্রভাব পড়বে?
ⓚ সম্পত্তি হ্রাস ও মালিকানা স্বত্ব হ্রাস পাবে
ⓚ সম্পত্তি বৃদ্ধি ও মালিকানা স্বত্ব বৃদ্ধি পাবে
ⓖ সম্পত্তি হ্রাস ও মালিকানা স্বত্ব বৃদ্ধি পাবে
ⓖ একটি সম্পত্তি হ্রাস ও অন্য একটি সম্পত্তি বৃদ্ধি পাবে

৩৬. নগদান বইয়ের ব্যাংক উদ্বৃত্ত ও ব্যাংক বিবরণীর জেরের মধ্যে পার্থক্যের কারণ হলো—
i. ইস্যুকৃত চেক ব্যাংকে যথাসময়ে উপস্থিত না হওয়া
ii. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ও ধার্যকৃত চার্জ নগদান বহিতে না লেখা
iii. আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক ব্যাংক কর্তৃক আদায় না হওয়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৭. একতরফা দাখিলা হিসাব পদ্ধতির প্রয়োগ ক্ষেত্র কোনটি?
ⓚ কোম্পানির ব্যবসায় ⓚ অংশীদারি ব্যবসায়
ⓖ একমালিকানা খুচরা ব্যবসায়
ⓖ রাষ্ট্রীয় ব্যবসায়

৩৮. আয়ের বিপরীতে ব্যয়কে চার্জ বলা হয়—
ⓚ মিলকরণ নীতি অনুযায়ী
ⓚ ব্যয় নীতি অনুযায়ী
ⓖ আয় সনাক্তকরণ নীতি অনুযায়ী
ⓖ আদায়করণ নীতি অনুযায়ী

উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।
রনি ব্রাদার্সের সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন হয়েছে ৪৫,০০০ টাকা যার মধ্যে আগুনে বিনষ্ট পণ্য ৫,০০০ টাকা এবং ৬,০০০ টাকার মনিহারি অন্তর্ভুক্ত আছে।

৩৯. রনি ব্রাদার্সের সমাপনী মজুদের প্রকৃত মূল্য কত?
ⓚ ৩৪,০০০ টাকা ⓚ ৩৯,০০০ টাকা
ⓖ ৪০,০০০ টাকা ⓖ ৪৫,০০০ টাকা

৪০. রনি ব্রাদার্সের আগুনে বিনষ্ট মজুদের কারণে আর্থিক অবস্থার উপর কি প্রভাব পড়বে?
ⓚ ৫,০০০ টাকার সম্পদ বৃদ্ধি এবং মালিকানা স্বত্ব বৃদ্ধি পাবে
ⓚ ৫,০০০ টাকার সম্পদ হ্রাস এবং মালিকানা স্বত্ব হ্রাস পাবে
ⓖ ৫,০০০ টাকার সম্পদ বৃদ্ধি এবং মালিকানা স্বত্ব হ্রাস
ⓖ ৫,০০০ টাকার সম্পদ হ্রাস এবং মালিকানা স্বত্ব বৃদ্ধি

উত্তরমালা

১	গ	২	গ	৩	ক	৪	ঘ	৫	খ	৬	গ	৭	*	৮	ক	৯	খ	১০	গ	১১	ক	১২	ঘ	১৩	গ	১৪	ঘ	১৫	ঘ	১৬	গ	১৭	গ	১৮	ঘ	১৯	খ	২০	গ
২১	ঘ	২২	গ	২৩	ক	২৪	গ	২৫	ক	২৬	ঘ	২৭	ক	২৮	গ	২৯	খ	৩০	ঘ	৩১	গ	৩২	ক	৩৩	গ	৩৪	*	৩৫	ক	৩৬	ঘ	৩৭	গ	৩৮	ক	৩৯	ক	৪০	খ